

পদের নাম, বেতনস্কেল ও গ্রেড	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১০) উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (২৯০০০-৬৩৪১০) (গ্রেড-৭)	১টি	প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতকসহ স্নাতকোত্তর/ সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের উভয়টিতে ১ম শ্রেণি প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ১ম শ্রেণির কর্মকর্তা হিসেবে শিক্ষা/প্রশাসন সংক্রান্ত কাজে ন্যূনতম ০৪ (চার) বছর চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩৫ বছর।

শর্তাবলী :

- আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ২৭/০১/২০২১ ইং। সকল আবেদনপত্র রেজিস্ট্রার, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজাপুর, পাবনা, বরাবরে উক্ত তারিখের (২৭/০১/২০২১ ইং) মধ্যে কার্যদিবসে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (৯:০০টা থেকে ৫:০০টা) কেবলমাত্র ডাকযোগে পৌছাতে হবে।
- আবেদনের জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েব সাইটে প্রদত্ত ফরমেটে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত ডকুমেন্টগুলো অবশ্যই সংযুক্ত করতে হবে এবং প্রার্থীকে আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে :
(ক) সদ্যাভোলা পাসপোর্ট আকারের ০৩ কপি রঙিন ছবি (খ) শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (গ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি (ঘ) অভিজ্ঞতা (বেতনক্রমসহ) সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) (ঙ) প্রকাশনা ও প্রশিক্ষণ সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) (চ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।
- (ক) সকল পদের প্রার্থীদের জন্য ০৭ (সাত) সেট আবেদনপত্র জমা দিতে হবে।
(খ) মূল আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাকটিকিটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- অভ্যন্তরীণ/বিভাগীয় প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ব্যতীত যে কোন একটি শর্ত শিথিলযোগ্য।
- কর্মকর্তা পদে (গ্রেড-০৭ থেকে গ্রেড-১০) আবেদনের বেলায় হেডিং পদ্ধতির ক্ষেত্রে প্রথম শ্রেণির সমমান বলতে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান এর ক্ষেত্রে জিপিএ/ সিজিপিএ ৫.০০ এর জন্য কমপক্ষে ৩.৫০ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে জিপিএ/ সিজিপিএ ৪.০০ এর জন্য কমপক্ষে ৩.০০ বুঝাবে এবং দ্বিতীয় শ্রেণির সমমান বলতে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান এর ক্ষেত্রে জিপিএ/ সিজিপিএ ৫.০০ এর জন্য ২.৫০ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে জিপিএ/ সিজিপিএ ৪.০০ এর জন্য কমপক্ষে ২.২৫ বুঝাবে। নিয়োগের ক্ষেত্রে শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড (৫.০০ এর মধ্যে ২.৫০ এবং ৪.০০ এর মধ্যে ২.২৫) এর নিচে গ্রহণযোগ্য হবে না এবং বিদেশী ডিগ্রির ক্ষেত্রে ইউজিসি কর্তৃক সমতুল্য সনদ থাকতে হবে/ বিশ্ববিদ্যালয় সমতুল্য সনদ (Equivalence committee) কর্তৃক সুপারিশকৃত হতে হবে।
- চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদেরকে সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্ব প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- প্রত্যেক প্রার্থীর তাঁর প্রার্থিত পদের নাম এবং মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে প্রযোজ্য অংশটি খামের উপর স্পষ্ট করে লিখতে হবে।
- প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা/ মৌখিক পরীক্ষা/ জবটেস্ট এ ডাকা হবে। এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে জনতা ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখা হতে সকল পদের প্রার্থীদের ৫০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল কিংবা সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

অধিকতর যোগ্যতা সম্পন্ন/ বিভাগীয় প্রার্থী/ পাবলিক বিশ্ববিদ্যালয়ে এতদসংশ্লিষ্ট অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক পদের অনুমোদন সাপেক্ষে কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।


০৫/০১/২০২১

অতিরিক্ত রেজিস্ট্রার
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।